# ২০২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: গণিত**

<table>
<tr><th>অ্যাসাইনমেন্ট নম্বর</th><th>অ্যাসাইনমেন্ট (শিরোনামসহ)</th><th>শিখনফল/ বিষয়বস্তু</th><th>অ্যাসাইনমেন্ট প্রণয়নের নির্দেশনা (ধাপ/পরিধি/সংকেত)</th><th>মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)</th><th>মন্তব্য</th></tr>
<tr>
<td>০১</td>
<td>শিরোনামঃ লটারির সাহায্যে স্বাভাবিক সংখ্যা বিষয়ক গাণিতিক সমস্যার সমাধান</td>
<td>১ম অধ্যায়ঃ (স্বাভাবিক সংখ্যা ও ভগ্নাংশ )<br>• স্বাভাবিক সংখ্যার অঙ্কপাতন করতে পারবে।<br>• দেশীয় ও আন্তর্জাতিক রীতিতে অঙ্কপাতন করে পড়তে পারবে।<br>• মৌলিক সংখ্যা, যৌগিক সংখ্যা ও সহমৌলিক সংখ্যা চিহ্নিত করতে পারবে|<br>• বিভাজ্যতা ব্যাখ্যা করতে পারবে।<br>• ২, ৩, ৪, ৫, ৯ দ্বারা বিভাজ্যতা যাচাই করতে পারবে।<br>• স্বাভাবিক সংখ্যার ল.সা.গু ও গ.সা.গু নির্ণয় করতে পারবে।</td>
<td>ছোট ছোট টুকরো কাগজে ১০ থেকে ৩০ পর্যন্ত স্বাভাবিক সংখ্যা লিখে ভাজ করে একটি কৌটায় রাখো। অতঃপর দৈব ভাবে (লটারি) একটি করে তুলে নিয়ে নিচের ধাপগুলো অনুসরণ কর।<br>• মৌলিক সংখ্যা ও যৌগিক সংখ্যা আলাদা করে অঙ্কিত তালিকা অনুযায়ি খাতায় লিখ
<table><tr><td>মৌলিক সংখ্যা</td><td>যৌগিক সংখ্যা</td></tr><tr><td></td><td></td></tr></table>
• এবার তুলে নেওয়া সবগুলো কাগজের টুকরো পুনরায় কৌটায় রাখো [বিঃদ্রঃ এখন থেকে তুলে নেওয়া কাগজের টুকরোটি পুনরায় কৌটায় রাখা যাবে না]<br>• লটারির মাধ্যমে এক জোড়া কাগজের টুকরো তুলে প্রাপ্ত সংখ্যা দুইটি অঙ্কিত তালিকা অনুযায়ি খাতায় লিখে সহমৌলিক কিনা যাচাই কর
<table><tr><td>১ম সংখ্যা</td><td>২য় সংখ্যা</td><td>সহমৌলিক (হ্যা/না)</td></tr><tr><td></td><td></td><td></td></tr></table>
• এবার কৌটা থেকে দৈবভাবে একইসাথে তিনটি সংখ্যা তুলে নাও<br>• প্রাপ্ত সংখ্যাগুলো পাশাপাশি বসিয়ে ছয় অঙ্কের ক্ষুদ্রতম ও বৃহত্তম সংখ্যা গঠন কর।<br>[যেমন: ১২ ২২ ২৪ এই তিনটি সংখ্যা পাশাপাশি বসিয়ে প্রাপ্ত ছয় অঙ্কের সংখ্যা = ১২২২২৪ । তোমার সমাধানের ক্ষেত্রে লটারিতে এই সংখ্যাটি ব্যবহার করা থেকে বিরত থাকবে]<br>• গঠনকৃত ছয় অঙ্কের ক্ষুদ্রতম ও বৃহত্তম সংখ্যাকে দেশীয় ও আন্তর্জাতিক পদ্ধতিতে কথায় প্রকাশ কর<br>• এবার লটারিতে তুলে নেওয়া তিনটি সংখ্যার যে কোন দুইটি সংখ্যাকে পাশাপাশি বসিয়ে চার অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা গঠন কর<br>• চার অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যাটি ২, ৩ ও ৪ দ্বারা বিভাজ্য কিনা যাচাই কর<br>• প্রয়োজনে পাঠ্যবইয়ের পৃষ্ঠা ৮ ও ৯নং এর সাহায্য নাও<br>• কৌটা থেকে পুনরায় দৈবভাবে তুলে এমন ভাবে তিনটি সংখ্যা নাও যেখানে অন্তত একটি মৌলিক সংখ্যা থাকে।<br>• পাঠ্যবইয়ে উল্লিখিত যে কোন ১টি পদ্ধতিতে সংখ্যাগুলোর ল.সা.গু. নির্ণয় কর<br>• পাঠ্যবইয়ে উল্লিখিত যে কোন ১টি পদ্ধতিতে সংখ্যাগুলোর গ.সা.গু. নির্ণয় কর।</td>
<td>
<table>
<tr><th colspan="2" rowspan="2">নির্দেশক</th><th colspan="5">পারদর্শিতার মাত্রা/নম্বর</th><th rowspan="2">প্রাপ্ত নম্বর</th></tr>
<tr><th>৪</th><th>৩</th><th>২</th><th>১</th><th>০</th></tr>
<tr><td>ক</td><td>মৌলিক সংখ্যা এবং যৌগিক সংখ্যা নির্ণয়।</td><td>----</td><td>খাতায় সঠিকভাবে লিপিবদ্ধ করলে।</td><td>মৌলিক সংখ্যা ও যৌগিক সংখ্যা চিহ্নিত করলে।</td><td>মৌলিক সংখ্যা বা যৌগিক সংখ্যা চিহ্নিত করলে।</td><td></td><td rowspan="2"></td></tr>
<tr><td>খ</td><td>পরস্পর সহমৌলিক সংখ্যা নির্ণয়।</td><td>----</td><td>----</td><td>সঠিকভাবে সহমৌলিক সংখ্যা নির্ণয় করলে।</td><td>উল্লিখিত তালিকা অঙ্কন করলে</td><td></td></tr>
<tr><td>গ</td><td>গঠনকৃত সংখ্যাটিকে দেশীয় এবং আন্তর্জাতিক পদ্ধতিতে কথায় প্রকাশ।</td><td>যথাযথভাবে ছয় অঙ্কের ক্ষুদ্রতম ও বৃহত্তম সংখ্যা গঠন করে দেশীয় পদ্ধতি ও আন্তর্জাতিক পদ্ধতিতে কথায় প্রকাশ করতে পারলে।</td><td>দেশীয় পদ্ধতিতে বা আন্তর্জাতিকভাবে কথায় প্রকাশ করলে।</td><td>ছয় অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা এবং বৃহত্তম সংখ্যা গঠন করলে।</td><td>ছয় অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা বা বৃহত্তম সংখ্যা গঠন করলে।</td><td></td><td></td></tr>
<tr><td>ঘ</td><td>নির্ধারিত সংখ্যাসমূহ ২, ৩ ও ৪ দ্বারা বিভাজ্য কিনা যাচাই।</td><td>যথাযথভাবে ক্ষুদ্রতম সংখ্যাটি নির্ণয় পূর্বক ২, ৩ ও ৪ দ্বারা বিভাজ্য কিনা যাচাই করতে পারলে।</td><td>ক্ষুদ্রতম সংখ্যাটিকে যে কোন দুইটি সংখ্যা দ্বারা বিভাজ্য কিনা যাচাই করতে পরেলে</td><td>ক্ষুদ্রতম সংখ্যাটিকে ২ বা, ৩ বা ৪ দ্বারা বিভাজ্য কিনা যাচাই করতে পারলে</td><td>চার অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা গঠন করতে পারলে</td><td></td><td></td></tr>
<tr><td>ঙ</td><td>সংখ্যা ত্রয়ের ল.সা.গু. ও গ.সা.গু. নির্ণয়।</td><td>যথার্থ সমাধান করতে পারলে।</td><td>সঠিক ল.সা.গু. ও গ.সা.গু. নির্ণয় ।</td><td>সঠিক ল.সা.গু. বা গ.সা.গু. (যেকোন ১টি) নির্ণয় করতে পারলে।</td><td>যৌগিক সংখ্যা যাচাই করতে পারলে</td><td></td><td></td></tr>
<tr><td colspan="7">**মোট**</td><td></td></tr>
<tr><td colspan="7">অ্যাসাইনমেন্টের বরাদ্দকৃত নম্বর</td><td>**১৭**</td></tr>
<tr><td colspan="7">১০ নম্বরে রূপান্তরের পর প্রাপ্ত নম্বর</td><td></td></tr>
</table>
</td>
<td></td>
</tr>
</table>

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ৮-১০ | অতি উত্তম |
| ৬-৭.৯ | উত্তম |
| ৪-৫.৯ | ভালো |
| ৪ এর কম | অগ্রগতি প্রয়োজন |